

الْمَتِين

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৫৫ তম নাম ‘الْمَتِين’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْمَتِين’ শব্দের মূল ن - ت - م, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৩ বার এসেছে। দৃঢ়, শক্তিশালী ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْمَتِين অর্থ: ‘তিনি মহাশক্তিশালী, অত্যন্ত মজবুত’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

وَأْمَلِي لَهُمْ إِنَّ كَيْدِي مَتِينٌ ﴿١٨٣﴾

আমি তাদের অবকাশ দেই, জেনে রাখো, আমার কৌশল অত্যন্ত মজবুত। (সূরা আল আ’রাফ: আয়াত নং ১৮৩)

إِنَّ اللَّهَ هُوَ الرَّزَّاقُ ذُو الْقُوَّةِ الْمَتِينُ ﴿٥٨﴾

নিশ্চয়ই রাজ্জাক (রিজিক সরবরাহকারী) তো হলেন আল্লাহ এবং তিনি মহাশক্তিধর প্রবল পরাক্রান্ত। (সূরা আয্ যারিয়াত: আয়াত নং ৫৮)

وَأْمَلِي لَهُمْ إِنَّ كَيْدِي مَتِينٌ ﴿٤٥﴾

আমি তাদের অবকাশ দেই, আমার কৌশল অত্যন্ত দৃঢ়। (সূরা আল কলম: আয়াত নং ৪৫)

বুখারী শরীফের হাদিস:

তোমাদের পূর্বকার একজন ঈমানদারকে ধরে নিয়ে মাটিতে গর্ত করে তাকে ঢুকিয়ে করাত দিয়ে তাকে মাথা থেকে দ্বিখন্ডিত করা হলো এবং লোহার চিরুনি দিয়ে হাড় থেকে তার শরীরের গোশত আলাদা করা হলো, কিন্তু তাকে তার সত্য ধর্ম থেকে ফিরিয়ে আনা যায়নি।

আহমদ শরীফের হাদিস:

তোমাদের অন্তর-মন সম্পর্কে সাবধান থেকো, কারণ পাত্রে ফুটন্ত গরম পানির মতোই ওটা পরিবর্তিত হয়।
এবং তোমরা দোয়া কর-

يَا مُقَلَّبَ الْقُلُوبِ ثَبِّتْ قَلْبِي عَلَى دِينِكَ -

হে আত্মা-অন্তর পরিবর্তনকারী আল্লাহ, আপনার দ্বীনের উপর আমার অন্তরকে প্রতিষ্ঠিত রাখুন।

প্রিয় ভাই ও বোনেরা! আসুন, আল্লাহ الْمُنِين এর দেয়া বিধি-বিধান মেনে চলি। তাঁর সাথে কাউকে শরিক না করি। শিরিকের গুনাহ আল্লাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের সাহায্য করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবাবাকাতুহ।